অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড
বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২৭.০১.০১৪.২৪- ৫৮২ (৮৩) তারিখঃ ১২ বৈশাখ'১৪৩১ / ২৫ এপ্রিল'২০২৪

বিষয় ঃ **গ্রীষ্মকালে অত্যধিক গরমে তাপ জনিত কারণে স্বাস্থ্য জটিলতা (Heat Related Illness) প্রতিরোধ**

বরাত ঃ কারা অধিদপ্তর, ঢাকার পত্র নং-৫৮.০৪.০০০০.০২৭.০১.০১৪.২৩-১০১৬(৭৬), তারিখঃ ০৭-০৬-২০২৩

বর্তমানে দীর্ঘ সময় অত্যধিক গরমের কারণে তাপজনিত জটিলতায় (Heat Related Illness) বিভিন্ন কারাগারে আটক বন্দি এবং কর্মকতা-কর্মচারিগণ অসুস্থ হয়ে পড়ার সম্ভাবনা রয়েছে। তাপজনিত কারণে সম্ভাব্য স্বাস্থ্য ঝুঁকি প্রতিরোধে নিম্নবর্ণিত বিষয়সমূহের প্রতি লক্ষ্য রাখা বিশেষ প্রয়োজন ঃ-

(ক) যতদিন এরূপ গরম পরিলক্ষিত হবে ততদিন দিনের বেলায় তীব্র রোদের সময় বন্দিদের বিশ্রামে রাখা অথবা কাজের প্রয়োজনে ছায়া আছে এমন জায়গা নির্বাচন করা;

(খ) বাতাস চলাচলের বিষয়টি বিবেচনায় নিয়ে বন্দিদের বাসস্থান পুনর্বিন্যাস করা;

(গ) সকল বন্দির প্রচুর পানি পান নিশ্চিত করা;

(ঘ) বন্দিদের প্রতিদিন গোসল নিশ্চিত করা;

(ঙ) কারাগারে কর্মরত মেডিকেল অফিসার এর তত্ত্বাবধানে মেডিকেল স্টাফদের মাধ্যমে বন্দি এবং কর্মকর্তা-কর্মচারিদের স্বাস্থ্য বিষয়ক তদারকি জোরদার করা; এবং

(চ) কেউ অসুস্থ বোধ করলে প্রাথমিক অবস্থায় চিকিৎসা নিশ্চিত করা।

২। সুষ্ঠু কারা প্রশাসনের স্বার্থে উপরোল্লিখিত বিষয়সমূহের প্রতি সতর্ক দৃষ্টি রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

২৫/৪/২৪
শেখ সুজাউর রহমান
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক।
পক্ষে- কারা মহাপরিদর্শক।
☎- ৫৭৩০০২২২ (দপ্তর)।
addl.ig@prison.gov.bd

কারা উপ মহাপরিদর্শক
সকল বিভাগ
সকল সদর দপ্তর।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):**

১। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।

৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। **সার্কুলারটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো;**

৪। কারা মহাপরিদর্শক/ অতিরিক্ত কারা মহাপরিদর্শক/ কারা উপ মহাপরিদর্শক (সদর দপ্তর) এর ব্যক্তিগত সহকারী। **বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক (সদর দপ্তর) এর সদয় অবগতির জন্য।**



D/SI ariful-2024/Pory-01-014-24(প্রকৃতি নির্ণয়)